

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৪৯

আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৪

সচিত্র খসড়া ভোটার তালিকা প্রকাশিত

তারতের নির্বাচন কমিশনের আদেশ ও নির্ধারিত সময়সূচি অনুযায়ী ১ জানুয়ারি, ২০২৫ তারিখকে ভিত্তিবছর ধরে ত্রিপুরায় ৬০টি বিধানসভা নির্বাচন ক্ষেত্রের সচিত্র খসড়া ভোটার তালিকা আজ (২৯ অক্টোবর, ২০২৪ মঙ্গলবার) প্রকাশিত হয়েছে। খসড়া ভোটার তালিকা অনুযায়ী রাজ্যে ভোটার রয়েছেন ২৮,৬৪,৮৭৫ জন। এর মধ্যে মহিলা ভোটার ১৪,২৫,৯ ১৫ জন এবং পুরুষ ভোটার ১৪,৩৮,৪৯১ জন। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৬৯ জন। খসড়া ভোটার তালিকা অনুযায়ী সার্ভিস ভোটার রয়েছেন ১১০৭১ জন। এর মধ্যে মহিলা ভোটার ২০৫ জন এবং পুরুষ ভোটার ১০,৮৬৬ জন।

রাজ্যের নির্বাচন দপ্তর থেকে এক প্রেস রিলিজে জানানো হয়েছে খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি দাখিল করার সময়সীমা ২৯/ ১০/ ২০২৪ (মঙ্গলবার) থেকে ২৮/ ১১/ ২০২৪ (বৃহস্পতিবার)। খসড়া ভোটার তালিকার উপর বিশেষ প্রচার অভিযান ৯/ ১১/ ২০২৪ (শনিবার), ১০/ ১১/ ২০২৪ (রবিবার), ১৬/ ১১/ ২০২৪ (শনিবার) ও ১৭/ ১১/ ২০২৪ (রবিবার)। দাবি ও আপত্তি নিষ্পত্তির সময়সীমা ২৪/ ১২/ ২০২৪ (মঙ্গলবার) পর্যন্ত। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ ৬/ ১/ ২০২৫ (সোমবার)। প্রেস রিলিজে জানানো হয়েছে খসড়া ভোটার তালিকার প্রতিলিপি সমস্ত মনোনীত স্থানে অর্থাৎ ৩৩৫২টি ভোটকেন্দ্রে, সমস্ত তহশিল অফিসে নির্বাচন নিবন্ধন আধিকারিক (মহকুমা শাসক) এর অফিসে এবং জেলা নির্বাচন আধিকারিক (ডিএম) অফিসে পরিদর্শনের জন্য পাওয়া যাবে। মুখ্য নির্বাচন আধিকারিক, ত্রিপুরা ওয়েবসাইটে www.ceotripura.nic.in খসড়া ভোটার তালিকার প্রতিলিপি পরিদর্শনের জন্য পাওয়া যাবে।
